রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৬ সনের ৩১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৪, ২০১৬

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬১১—৬২২ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৪১—৭৪৯ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৮১—৮৯১ | (৬) ৩০-৬-২০১৫ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ৩—১০ |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ, ১৮ এপ্রিল ২০১৬ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০৫/২০১৬-২২০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব নওরোজা আহসান,স্বামী-জনাব মোঃ মোবিন মালিক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**

উপসচিব (প্রশাসন-২)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১০ এপ্রিল ২০১৬

**নং বিচার-৭/২এন-০১/২০০২(অংশ)-১৪৮**— মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪(১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ আল আমিন, পিতা-তাজুল ইসলাম, মাতা-পারভী বেগম, গ্রাম-পূর্বাশা আ/এ, ডাকঘর-শ্রীমঙ্গল, উপজেলা-শ্রীমঙ্গল, জেলা- মৌলভীবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল পৌরসভার ৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

তারিখ, ১১ এপ্রিল ২০১৬

**নং বিচার-৭/২এন-৫১/৮৫-১৫৫**——মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪(১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোহাম্মদ নুরুল আবছার, পিতা-মৃত- আব্দুল শুক্কুর, মাতা- নুর জাহান, গ্রাম-পশ্চিম ফকিরাঘোনা, ডাকঘর- বড় মহেশখালী, উপজেলা- মহেশখালী, জেলা-কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার মহেষখালী উপজেলার ৬নং বড় মহেষখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন- ৫১/৮৫-১৫৬**— মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪(১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব জয়নাল আবেদীন, পিতা- মোহাম্মদ রশিদ, মাতা-সালমা খাতুন, গ্রাম-দৈলারপাড়া, ডাকঘর- কুতুবজোম-৪৭১০, ইউনিয়ন-০৮ নং কুতুবজোম, উপজেলা- মহেশখালী, জেলা-কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার ৮ নং কুতুবজোম ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন- ৫১/৮৫-১৫৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪(১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মুহাম্মদ হোসাইন, পিতা- মৃত- মিয়া হোসাইন, মাতা- জরিনা খাতুন, গ্রাম- ডেইলপাড়া, ৭ নং ওয়ার্ড, ইউনিয়ন-৯ নং ছোট মহেশখালী, ডাকঘর- গোরকঘাটা, উপজেলা- মহেশখালী, জেলা-কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার ৯ নং ছোট মহেশখালী ইউসিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

তারিখ, ১২ এপ্রিল ২০১৬

**নং বিচার-৭/২এন- ৫২/২০১৩-১৬১**—হিন্দু বিবাহ (নিবন্ধন) আইন, ২০১২(২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব অশোক কুমার চক্রবর্তী, পিতা- মৃত- নির্মল চন্দ্র চক্রবর্তী, মাতা মৃত-যমুনা রাণী চক্রবর্তী, গ্রাম- পারুলিয়া, ডাকঘর-পারুলিয়া, উপজেলা-দেবহাটা, জেলা-সাতক্ষীরা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

তারিখ, ২০ এপ্রিল ২০১৬

**নং বিচার-৭/২এন-৪৮/৭৭-১৬৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪(১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোজাম্মেল হক, পিতা- সিদ্দিকুর রহমান, মাতা- মাহমুদা খাতুন, গ্রাম- রাণীদিয়া, ডাকঘর- অরুয়াইল, উপজেলা- সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার সরাইল উপজেলার ১ নং অরুয়াইল ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩।সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**জি,এম,নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**উন্নয়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪২.০৩৫.০২৪.০৩.১০.০১১.২০০৭-৮৫**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন সমস্যা, সমাধান ও সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নোক্তভাবে স্টিয়ারিং কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

(১) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়
(৩) যুগ্ম -সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়
(৪) যুগ্ম -প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়
(৫) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(৬) পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(৭) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(৮) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(৯) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(১০) কৃষি, পানি সম্পদ ও পল্লীপ্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(১১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(১২) অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(১৩) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি
(১৪) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(১৫) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়াপো)
(১৬) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
(১৭) মহাপরিচালক,পরিবেশ ও বন অধিদপ্তর
(১৮) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
(১৯) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(২০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(২১) প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(২২) প্রধান পানি ব্যবস্থাপক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(২৩) উপ-সচিব(উন্নয়ন-২অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়
(২৪) উপ-প্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়
(২৫) সহকারী প্রধান, পরিকল্পনা-১শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(২৬) প্রকল্প পরিচালক, "দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায়" শীর্ষক প্রকল্প।

**কমিটির কার্যপরিধি:**

(ক) প্রকল্প বাস্তবায়নে নীতিগত নির্দেশনা প্রদান;
(খ) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও পর্যালোচনা;
(গ) আন্তঃমন্ত্রণালয় যোগাযোগের ক্ষেত্রে নির্দেশনা প্রদান;
(ঘ) এশিয়া উন্নয়ন ব্যাংকের সাথে সম্পাদিত প্রকল্প চুক্তি ও ঋণ চুক্তি শর্তাদি মূল্যায়ন ও পর্যালোচনা
(ঙ) প্রকল্প সম্পর্কিত অন্যান্য বিষয়ে নির্দেশনা।

২। কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহবান করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। তবে জরুরি প্রয়োজনে যে কোন সময় সভা আহবান করা যাবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুজহাত ইয়াসমিন**
উপসচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন শাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ, ৩০ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০০৮.২০০৯-৫৫**—যেহেতু, বেগম রুবিনা আফরোজ, সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে গত ২৪-০১-২০১১ তারিখ থেকে ২৯-০১-২০১১ তারিখ পর্যন্ত বহিঃ বাংলাদেশ (থাইল্যান্ড) ভ্রমণ করেন যা বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ, ইমিগ্রেশন উইং কর্তৃক তদন্তে প্রমাণিত হয়। ফলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০/০৪/২০১৪ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০০৮.২০০৯-৬২ নং স্মারকে অভিযুক্তকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, বেগম রুবিনা আফরোজ উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর কোন জবাব দাখিল করেননি। ন্যায়বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতিয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব খন্দকার মনোয়ার মোর্শেদ, সিনিয়র সহকারী সচিবকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) উপবিধি অনুযায়ী " অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার নথি, সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় বেগম রুবিনা আফরোজ এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে উক্ত বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৩/৭/২০১৫ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০০৮.২০০৯-২৫৩ নং স্মারক মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি তাই তার বিরুদ্ধে "চাকরী হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৭) মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নিকট মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারী কর্মকমিশন হতে বেগম রুবিনা আফরোজ কে " চাকরী হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদন্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষন করা হয়;

সেহেতু, বেগম রুবিনা আফরোজ, সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুয়ায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## পর্যটন-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৩ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

**নং বিপম/পর্য-১/বিএসএল/নিয়োগ-২/২০০৪-১১৭(৯)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব এস. এম. গোলাম ফারুক (পরিচিতি নং-১৭৩৩) কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর আর্টিকেলস অব এসোসিয়েশনের ৮৮ আর্টিকেল অনুয়ায়ী পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ করত: বিএসএল এর চেয়ারম্যান নিয়োগ করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**নং বিপম/পর্য-১/বিএসএল/নিয়োগ-২/২০০৪-১১৮(১১)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব এস.এম. গোলাম ফারুক (পরিচিতি নং-১৭৩৩) কে হোটেল ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর আর্টিকেলস অব এসোসিয়েশনের ৮২ আর্টিকেল অনুয়ায়ী পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ করত: হিল এর চেয়ারম্যান নিয়োগ করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ: ০৫ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৪১.২০০৩-১৩৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ড. মোহাম্মদ আলী খান, অতিরিক্ত সচিব এর স্থলে জনাব মোহাম্মদ আবু তাহের (১২৩৯), অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেল ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ: ১২ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৩০.০০.০০০০.০১৫.১৮.০২৪.২০০৩-১৩৭— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রাক্তন চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল এম সানাউল হক, এনডিসি, পিএসসি (বিডি/৭৪০০), জিডি (পি) এর স্থলে বর্তমান চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল এহসানুল গণি চৌধুরী-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসাবে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সামিহা ফেরদৌসী**
সিনিয়র সহকারী সচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ চৈত্র ১৪২২/০৩ এপ্রিল ২০১৬

**নং ২৬.০০.০০০০.০৮৬.৩১.৪১৪.১১-৩৩৮**—যেহেতু, জনাব বিমল চন্দ্র তালুকদার, প্রশাসনিক কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয় এর বিরুদ্ধে অসদাচরণ ও কর্তব্যে চরম অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ২(এফ) (ii) বিধি অনুযায়ী ০৪/২০১৫ নং বিভাগীয় মামলা চালু করে ৩০ এপ্রিল, ২০১৫ তারিখের ২৬.০০.০০০০.০৮৬.৩১. ৪১৪.১১-৪৫৯ নং স্মারকমূলে কৈফিয়ত চাওয়া হয়;

যেহেতু, তিনি জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, গত ২৪ মে ২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত জবাব ও বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগসমূহ তদন্ত করার জন্য ১৮ জুন, ২০১৫ তারিখের ২৬.০০.০০০০.০৮৬.৩১.৪১৪.১১-৭০১ নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) অনুযায়ী সিনিয়র সহকারী সচিব সৈয়দা নূরমহল আশরাফী কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) (ii) বিধির অভিযোগ প্রমাণিত বলে মত ব্যক্ত করে গত ১৫ নভেম্বর ২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন পেশ করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও মামলার যাবতীয় দালিলিক প্রমাণাদি পর্যালোচনা করে জনাব বিমল চন্দ্র তালুকদার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ২(এফ) (ii) বিধি অনুযায়ী কর্তব্যে চরম অবহেলার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২) (বি) বিধি অনুযায়ী লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে

সেহেতু, জনাব বিমল চন্দ্র তালুকদার, প্রশাসনিক কর্মকর্তা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ২(এফ) (ii) বিধি অনুযায়ী অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) (বি) বিধি অনুযায়ী তাকে “০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১ বৎসরের জন্য স্থগিত (Withholding of one increment for one year)” করার লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি দণ্ডের মেয়াদ অন্তে বেতন স্কেলের বর্তমান ধাপে প্রত্যাবর্তন করবেন, তার দণ্ড বলবৎ থাকার সময় বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে। তবে তিনি এর জন্য কোন বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেদায়েতুল্লাহ আল মামুন**
সিনিয়র সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তাবিখ, ০৮ বৈশাখ ১৪২৩/২১ এপ্রিল ২০১৬

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.১৪(অংশ)-২৯০**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ইং সালে সংশোধিত)প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো:

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও খতিয়ান নং | দাগ নং | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। | হযরত খানজাহান আলী (রহঃ)( পয়গ্রাম কসবা) জামে মসজিদ<br>গ্রাম- পায়গ্রাম কসবা<br>উপজেলা -ফুলতলা<br>জেলা - খুলনা। | উত্তরডিহি এস.এ.৬৪৪ জরিপ চলমান খতিয়ান নং-৭৭৫ | ১২১৭<br><br>১২১৭/৮৭৪ | ০.২৭<br><br>০.২৭ | উত্তরে-পায়গ্রাম কসবা মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ<br>দক্ষিণে-কাজী মোয়াজ্জেম হোসেন দিং এর জমি<br>পূর্বে-ঐ-<br>পশ্চিমে- পায়গ্রাম কসবা মাধ্যমিক বিদ্যালয়। | ০১ নং উত্তরডিহি মৌজার এস এ ৬৪৪ নং খতিয়ানের ১২১৭ নং দাগের ০.২৭ একর জমি ১৮-০৮-৮৭ তারিখে ১৪০৮ নং ওয়াকফনামা দলিল মূলে রেকর্ডীয় মালিক কাজী মোফাক্কর হোসেন, কাজী আশরাফুজ্জামান স্বয়ং এবং মোয়াজ্জেম হোসেন, একরামুল করিম ও আসানুর রসুল দিং এর ওয়ারেশদের নিকট হতে প্রাপ্ত। | নাঁ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছানিয়া আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃঙ্খলা -১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৬-২৯৫**—যেহেতু, ডাঃ ইজাজ আহমেদ খান (৪৩৩৯৬), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ জেলার কোতোয়ালী থানার ১১-০৪-২০১৪ তারিখের মামলা নং-৪০ এবং জিআর নং-৩৩৬/২০১৪ এর আসামী হিসাবে ১১-০৪-২০১৪ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক জেল হাজতে প্রেরিত হওয়ায় বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি-৭৩ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৬-৮৮ নং আদেশ তাঁকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, ডাঃ ইজাজ আহমেদ খান (৪৩৩৯৬) কর্তৃক মহামান্য হাইকোর্টে Criminal Miscellaneous Case ১৮৫৬৬/২০১৪ দায়ের করেন;

যেহেতু, মহামান্য হাইকোর্ট ১২-০১-২০১৬ তারিখের আদেশে ময়মনসিংহ জেলার কোতয়ালী থানার ১১-০৪-২০১৪ তারিখের মামলা নং-৪০ এবং জিআর নং ৩৩৬/২০১৪ নং ফৌজদারী মামলাটি Quashed ঘোষণা করেছেন;

সেহেতু, এক্ষণে ডাঃ ইজাজ আহমেদ খান (৪৩৩৯৬), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ এর ০১-০২-২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৬-২৮৮ নং সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসাবে গণ্য করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ১৩ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৩.২০১৫-২৮৭**—যেহেতু, ডাঃ প্রদীপ কুমার নাথ (১১০৯১৪), মেডিক্যাল অফিসার, বড়উঠান ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ'এর দায়ে ০৯-০১-২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৩.২০১৫-৩৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৬-০৪-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব (শৃঙ্খলা-২) জনাব মোঃ আনোয়ার হোসেন জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন এর সুপারভিশ উপলক্ষ্যে গত ১৪-১১-২০১৫ তারিখ চট্টগ্রাম জেলার বড়উঠান ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পটিয়া কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে ডাঃ প্রদীপ কুমার নাথ (১১০৯১৪) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ প্রদীপ কুমার নাথ(১১০৯১৪), মেডিক্যাল অফিসার, বড়উঠান ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার(Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

তারিখ, ১২ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৫-২৮০**—যেহেতু, ডাঃ মুর্শিদা আখতার (১২৭৩৫৯), সহকারী সার্জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চরলক্ষা,পটিয়া, চট্টগ্রাম বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর দায়ে ১৭-০৯-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৫-৬১৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণীত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যলোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু,অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৭-০৪-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুর্শিদা আখতার (১২৭৩৫৯), সহকারী সার্জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চরলক্ষা,পটিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসাবে প্রাপ্য হবেন না।

তাঁর ১৩-০৭-২০১৪ খ্রিঃ তারিখ হতে ১৫-০৬-২০১৫ তারিখ এবং ১৬.১২.২০১৫ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো। তার ১৬-০৬-২০১৫ তারিখ হতে ১৫-১২-২০১৫ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১৬-২৮১**—যেহেতু, ডাঃ মোঃ ইসমাইল আলম আজাদ (১২০৮২৩), মেডিক্যাল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজার গত ২৬-০৩-২০১৩ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর

বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে ২৮-০২-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১৬-১৬৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৭-০৪-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ ইসমাইল আলম আজাদ (১২০৮২৩), মেডিক্যাল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ,বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসাবে প্রাপ্য হবেন না। তাঁর ২৬-০৩-২০১৩ খ্রিঃ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৫.২০১৬-২৮২**—যেহেতু, ডাঃ মোঃ রুমী আলম (৪৩৭৭১), জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালিহাতী, টাংগাইল প্রায়শঃ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০১-০৩-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৫.২০১৬-১৮০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৭-০৪-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রুমী আলম (৪৩৭৭১), জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালিহাতী, টাংগাইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসাবে প্রাপ্য হবেন না।

তারিখ, ১৩ এপ্রিল, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৫-২৮৩**—যেহেতু, ডাঃ মুহাম্মদ সুইট শাহেদ খান(১৩১২৪৬),প্রভাষক(মাইক্রোবায়োলজি), শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, বগুড়া বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ এর ৩(বি)ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৭-০৯-২০১৫ তারিখে, ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৫-৬১৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৬-০৪-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৯-০৬-২০১৪ তারিখের স্মারক নং ৩৫৯ মূলে তিনি ০১-০৭-২০১৪ তারিখে ওএসডি হিসাবে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানপূর্বক এসএসএমসিএইচ ঢাকায় এমডি ১ম পর্ব কোর্সে যোগদান করেন। পরবর্তীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৫-০৮-২০১৪ তারিখের প্রজ্ঞাপন নং-৪৬২ মূলে তাকে বর্ণিত প্রতিষ্ঠানে ইতোপূর্বে অনুমোদিত সময়সীমার মধ্যে স্ব-স্ব কোর্স সম্পন্ন করার অনুমতি প্রদান করা হয়। কোর্স শেষে তিনি গত ২৮-০১-২০১৫ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-১৯৭৮, তারিখঃ ১৭-০২-২০১৫ ইং প্রজ্ঞাপন মূলে তাকে প্রভাষক (মাইক্রোবায়োলজি) হিসাবে শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, বগুড়ায় পদায়ন করা হলে তিনি ২২-০২-২০১৫ ইং তারিখে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেন;

এক্ষণে,সেহেতু,ডাঃ মুহাম্মদ সুইট শাহেদ খান (১৩১২৪৬), প্রভাষক (মাইক্রোবায়োলজি), শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, বগুড়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ,বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তারিখ, ১২ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৫-২৮৪**—যেহেতু, ডাঃ কামাল হোসেন (১২০১৫০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি)ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৬-০৮-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৫-৫৪৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, ডাঃ কামাল হোসেন (১২০১৫০), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা-১ শাখার ১৬-০৩-২০১৫ তারিখের প্রজ্ঞাপন ৪৫.১৬৮.০১৯.০৩.০০.০৬১.২০১৫-২৩১ মোতাবেক ০১.০৩.২০১৫ ইং থেকে পরবর্তী ০৩ বছর + অতিরিক্ত ০২ (দুই) মাস এমডি (শিশু গ্যাস্ট্রো), ফেইজ-বি বিষয়ে দ্বিতীয় মেয়াদে ওএসডি স্বাস্থ্য অধিদপ্তর এবং প্রেষণে বিএসএমএমইউতে ঢাকাতে অধ্যয়নরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ কামাল হোসেন (১২০১৫০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ,বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তারিখ, ১৩ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৫-২৯১**—যেহেতু, ডাঃ সাবরিনা জ্যাবিন (১৩২৭৬৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ এর ৩(বি)ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৫-০৯-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৫-৫৯২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫-০৪-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, গত ০৭-০৮-২০১৪ তারিখে সরকারি চাকুরিতে যোগদানের পরের দিনই অর্থাৎ ০৮-০৮-২০১৪ তারিখে অস্ত্র প্রচারের মাধ্যমে তার একটি পুত্র সন্তান জন্ম গ্রহণ করে এবং মন্ত্রণালয় হতে তাকে ০৬ মাসের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর করা হয়। তিনি শারীরিকভাবে সুস্থ না থাকায় এবং অস্ত্র প্রচারের মাধ্যমে বাচ্চার জন্ম হওয়ায় শারীরিকভাবে অসুস্থ থাকার কারণে মাতৃত্বকালীন ছুটি অতিবাহিত হওয়ার পরও তিনি ০১ (এক) বছর ছুটি বৃদ্ধির জন্য আবেদন করেছিলেন;

এক্ষণে,সেহেতু,ডাঃ সাবরিনা জ্যাবিন (১৩২৭৬৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ,বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সর্তকতার সাথে সরকারি নিয়ম-কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ০৮-০২-২০১৫ খ্রিঃ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্ব দিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**পার-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০৪.২০১৩-৪০৮**—ডাঃ রাশেদ আল মামুন (১০২৭২৮২), ইনডোর মেডিক্যাল অফিসার,সদর হাসপাতাল, ঝিনাইদহ এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার হওয়ায় এবং বিভাগীয় মামলা নিষ্পত্তি হওয়ার প্রেক্ষিতে সাময়িক বরখাস্তকালীন সময় অর্থাৎ ১৫-০৬-২০১৪ তারিখ হতে ৩১-০৮-২০১৪ তারিখ পর্যন্ত সময় কর্মকাল হিসাবে গণ্য করা হল।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম ফজলুল হক**
উপসচিব (পার-২)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/২৬ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-৪৬৩**—মানিকগঞ্জ পৌরসভার ০৯ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আব্দুল মান্নান গত ২০-০৩-২০১৬ ইং তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১)(চ) মতে সরকার উল্লিখিত ওয়ার্ড কাউন্সিলরের পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/১০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৪৬.০২৭.০৮.৯০.০৯০.২০১৬-৪৩৩**—যেহেতু, জনাব সাইফুল্লাহ আল হোসাইন, চেয়ারম্যান, ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদ,সিলেট এর বিরুদ্ধে দায়েরকৃত ফেঞ্চুগঞ্জ থানার মামলা নং ০৭/২০১৬ ও মামলা নং ০৮/২০১৬ এর অভিযোগপত্র ২৮-০২-২০১৬ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব সাইফুল্লাহ আল হোসাইন, চেয়ারম্যান, ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব সাইফুল্লাহ আল হোসাইনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ ঃ ০৪ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/২০ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৩.৭৫৯.০১৪.৫০.০০.০৫৫.২০১৬-১২৭৪**—নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলাধীন পিরোজপুর ইউনিয়নের অন্তর্গত চরভবনাথপুর মৌজায় ৪৪.১২৪৮ একর জমিতে এবং ভাটিবন্দ মৌজায় ১৮.৮৫৮৫ একর মোট ৬২.৯৮৩৩ একর জমিতে **সোনারগাঁ ইকোনোমিক জোন** এর নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব চৌধুরী নাফিজ সরাফাত, পরিচালক, সোনারগাঁ ইকোনোমিক জোন, হেডঅফিস-৪৫, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। নিম্নলিখিত তফসিলভুক্ত তাদের নিজস্ব মালিকানাধীন জমির পরিমাণ ৬২.৯৮৩৩ একর। আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্দারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোন ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের

তারিখ হতে (২১) একুশ দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৫), ১২ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত/আপত্তি দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হবে এবং মাস্টার প্ল্যান প্রণয়নের মাধ্যমে পরিকল্পিত বিভিন্ন শিল্প কারখানা গড়ে তোলা হবে। এতদ্ব্যতীত পরিবেশ রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও অগ্নিনির্বাপন ব্যবস্থা গড়ে তোলা হবে।

## তফসিল-১

**জেলা-নারায়ণগঞ্জ, উপজেলা-সোনারগাঁ, মৌজা-চরভবনাথপুর, জে.এল নং-১১৯।**

**আর.এস. জরিপের খতিয়ান নং-**০৬, ০৮, ০৯, ১৩, ১৫, ১৬, ২০, ২১, ২২, ৩০, ৩৭, ৪২, ৪৩, ৪৬, ৫৫, ৫৭, ৬১, ৬২, ৬৭, ৭০, ৭৭, ৮০, ৮৩, ৮৪, ৮৮, ৯১, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১১২, ১১৩, ১১৪, ১১৮, ১১৯, ১২২, ১২৬, ১২৭, ১৩৫, ১৪০, ১৪৫, ১৪৬, ১৪৮, ১৪৯, ১৫০, ১৫২, ১৫৪, ১৫৬, ১৫৮, ১৫৯, ১৬৩, ১৬৮, ১৬৯, ১৭০, ১৭৪, ১৭৫, ১৮৪, ১৮৫, ১৮৭, ১৯০, ১৯২, ১৯৪, ১৯৭, ১৯৯, ২০২, ২০৩, ২০৪, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২১১, ২১২, ২১৭, ২২৫, ২২৭, ২২৮, ২২৯, ২৩০, ২৩১, ২৩৬, ২৩৮, ২৩৯, ২৪০, ২৪৩, ২৪৪, ২৪৭, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৬০, ২৮৬, ২৮৮, ২৯৮।

**সংশোধিত খতিয়ান নং-**৪৭৭, ৪৮১, ৫৩৯, ৭২১, ৭২২, ৭২৩, ৭২৪, ৭২৫, ৭২৬, ৭২৭, ৭২৮, ৭২৯, ৯২৯, ৯৩০, ৯৫৬, ৯৫৯, ৯৬০, ৯৬১, ৯৮৫, ৯৮৬, ৯৮৭, ৯৯৩, ১০১৮, ১০২০, ১০৩১, ১০৫৭, ১০৫৮, ১০৬২, ১০৬৩, ১০৬৪, ১০৬৫, ১০৬৬, ১০৬৭, ১০৬৮, ১০৬৯, ১০৭০, ১০৭১, ১০৯৫, ১০৯৬, ১১০৮, ১১০৯, ১১১০, ১১১১, ১১১২, ১১২৮, ১১৩১, ১২১৫, ১২১৭, ১২১৮, ১২১৯, ১২২০, ১২২২, ১২২৫, ১২২৬, ১২২৭।

**আর.এস. দাগ নং-**৩৫৪, ৩৫৫, ৩৫৭, ৪৫৩, ৪৫৪, ৪৫৫, ৪৫৬, ৪৫৭, ৪৫৮, ৪৭২, ৪৭৩, ৪৭৪, ৪৭৫, ৪৭৬, ৪৭৭, ৪৭৮, ৪৭৯, ৪৮০, ৪৮১, ৪৮২, ৪৮৩, ৪৮৪, ৪৮৫, ৪৮৬, ৪৮৭, ৪৮৮, ৪৮৯, ৮৯০, ৪৯১, ৪৯২, ৪৯৩, ৪৯৭, ৪৯৮, ৫০২, ৫০৩, ৫০৪, ৫০৫, ৫০৬, ৫০৭, ৫০৮, ৫০৯, ৫১০, ৫১১, ৫১২, ৫১৩, ৫১৪, ৫১৫, ৫১৬, ৫১৭, ৫১৮, ৫১৯, ৫২১, ৫২৩, ৫২৪, ৫২৫, ৫২৬, ৫২৭, ৫২৮, ৫২৯, ৫৩০, ৫৩১, ৫৩২, ৫৩৩, ৫৩৫, ৫৩৬, ৫৩৭, ৫৩৯, ৫৪০, ৫৪১, ৫৪২, ৫৪৩, ৫৪৪, ৫৪৫, ৫৪৬, ৫৪৭, ৫৪৮, ৫৪৯, ৫৫০, ৫৫২, ৫৫৩, ৫৫৫, ৫৫৬, ৫৫৭, ৫৫৮, ৫৫৯, ৫৬৩, ৫৬৪, ৫৬৭, ৫৬৮, ৫৬৯, ৫৭০, ৫৭১, ৫৭৩, ৫৭৪, ৫৭৫, ৫৭৬, ৫৭৭, ৫৭৮, ৫৭৯, ৫৮০, ৫৮১, ৫৮২, ৫৮৩, ৫৮৪, ৫৮৫, ৫৮৬, ৫৮৭, ৫৮৮, ৫৮৯, ৫৯০, ৫৯১, ৫৯২, ৫৯৩, ৫৯৪, ৫৯৫, ৫৯৬, ৫৯৭, ৫৯৮, ৫৯৯, ৬০০, ৬০৬, ৬০৭, ৬০৮, ৬১০, ৬১২, ৬১৩, ৬১৪, ৬১৬, ৬২০, ৬২৩, ৬৩৪, ৬৩৫, ৬৩৬, ৬৩৭, ৬৩৮, ৬৩৯, ৬৪০, ৬৪১, ৬৪২, ৬৪৩, ৬৪৪, ৬৪৫, ৬৪৬, ৬৪৮, ৬৮৭, ৬৮৮, ৬৮৯, ৬৯১, ৬৯২, ৬৯৩, ৬৯৪, ৬৯৫, ৬৯৭, ৬৯৮, ৬৯৯, ৭০০, ৭১০।

মোট দাগ ১৫৭ টি এবং জমির পরিমাণ-৪৪.১২৪৮ একর।

**চৌহদ্দি ঃ**

**পূর্ব** ঃ চরলাউয়াদী মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।

**পশ্চিম** ঃ চরভবনাথপুর মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।

**উত্তর** ঃ ভাটিবন্দ মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।

**দক্ষিণ** ঃ ছয়হিস্যা মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।

**দলিল নং ও তারিখ ঃ** ৭২৪৭-৩০.০৮.০৫, ১১৩৬-০৬.০৩.০৬, ৫২৪০-২২.০৫.০৮, ১১৪০৪-২৫.০৫.০৮, ৫২৯৫-২৫.০৫.০৮, ৫২৯৪-২৫.০৫.০৮, ৫৩৬৩-২৬.০৫.০৮, ৫৪১৯-২৭.০৫.০৮, ৫৫২০-২৯.০৫.০৮, ৫৫১১-২৯.০৫.০৮, ৫৫২১-২৯.০৫.০৮, ৫৫১৪-২৯.০৫.০৮, ৫৫৯২-০১.০৬.০৮, ৫৬৫৬-০২.০৬.০৮, ৫৬৯২-০৩.০৬.০৮, ৫৭৬০-০৪.০৬.০৮, ৫৮০১-০৫.০৬.০৮, ৬২৪১-১৬.০৬.০৮, ৬৫৯২-২৪.০৬.০৮, ৭৭৮৯-২৭.০৭.০৮, ৮১৮৯-০৫.০৮.০৮, ৮২৭৪-০৭.০৮.০৮, ৯৯৭২-২৩.০৯.০৮, ১০১৪৪-০৫.১০.০৮, ৫৮৬-১৯.০১.০৯, ৭৩৯-২৫.০১.০৯, ২৫৩৮-১১.০৩.০৯, ২৫৪১-১১.০৩.০৯, ৪১১১-১৬.০৪.০৯, ৫১৯১-১৩.০৫.০৯, ৬৫৯৪-১৬.০৬.০৯, ৮৩৪৫-২৭.০৭.০৯, ৯৯৭৪-০৬.০৯.০৯, ১০৯৪০-০৬.১০.০৯, ১২২৯২-০৩.১১.০৯, ১২২৯৩-০৩.১১.০৯, ১১৩৩৮-১৩.১০.০৯, ১৩৩৫৫-১৯.১১.০৯, ১৩৪৮৯-২৩.১১.০৯, ১৩৫৪৪-২৪.১১.০৯, ১০৪৭-১৯.০১.১০, ৩২১৪-২৫.০২.১০, ১৪০৫-২৬.০১.১০, ১৮৯৩-০৩.০২.১০, ৩৮২৩-০৯.০৩.১০, ৪৩০৩-১৫.০৩.১০, ৯৩০৪-০৭.০৬.১০, ১০২৯৬-২৩.০৬.১০, ১২৫৬৪-০২.০৮.১০, ৯০৯৬-০৩.০৬.১০, ১০৫২৯-২৮.০৬.১০, ১০৫৩২-২৮.০৬.১০, ১৪৯৫৪-২০.০৯.১০, ১৭২৮১-২৭.১০.১০, ১৭২৮২-২৭.১০.১০, ১৮৮৯৩-২৪.১১.১০, ১৮৮৭৮-২৪.১১.১০, ২১২০৯-২৮.১২.১০, ২১৬৫১-৩০.১২.১০, ১৩১৭০-৩০.০৬.১১, ৩৩১৪-১৫.০২.১১, ৩৮১৮-২৪.০২.১১, ৫২৮৪-১৫.০৩.১১, ৯৯৩২-১১.০৫.১১, ১৩৮০৩-১৩.০৭.১১, ১৪৩৫৬-২১.০৭.১১, ২২৩১৭-২১.১১.১১, ৩৪৬০-২৩.০২.১২, ৪৩৫৪-০৭.০৩.১২, ৫৯৪০-০১.০৪.১২, ১০২১৬-৩১.০৫.১২, ১২৩৮০-০২.০৭.১২, ১৪৩৩৩-০২.০৮.১২, ১৪৮৬২-১৩.০৮.১২, ১৭৩৩৬-২৭.০৯.১২, ২০৮২৬-০২.১২.১২, ২১৯৫২-১৯.১২.১২, ১৭৯৯৮-২৮.১১.১৩, ১৯৭৮১-৩১.১২.১৩, ২৫৯৮-২৬.০২.১৫, ৫৬৩৪-৩০.০৪.১৫, ৬০৪৫-১০.০৫.১৫, ৬০৪৭-১০.০৫.১৫, ৬০৪৬-১০.০৫.১৫, ১২৩৮৬-০২.০৭.১২, ১৫৫১১-০৩.০৯.১২, ১০৭৮০-০৪.১০.০৯, ১৩৯৪-২৬.০১.১০, ৩৮২৫-০৯.০৩.১০, ৫৩৫২-০১.০৪.১০, ১৫১৪-২৭.০১.১০, ১৩৫৪৬-১৭.০৮.১০, ১২৭৪৮-০৫.০৮.১০, ১২০৩৯-২২.০৭.১০, ১২০৪১-২২.০৭.১০, ১৯৬৯৪-০৭.১২.১০, ২২০৮-০২.০২.১২, ৬৪০৮-০৮.০৪.১২, ১৪৫৫৪-০৭.০৮.১২, ১৪৭৫৯-১২.০৮.১২, ১৯০৭৬-২৩.১০.১২, ৩২৩৫-১৯.০২.১৩, ৪৩০৮-১১.০৩.১৩, ১০৪৮৬-১৫.০৯.০৯, ৮৩৩৩-২০.০৫.১৩, ৮১৬০-২১.০৭.০৯, ৬৬১৪-২৫.০৪.১০, ৯৩০০-০৭.০৬.১০, ১৫৩৭২-০৩.০৮.১১, ২৭৮২-১০.০১.১১, ৫০১৭-১৩.০৪.১৬, ১৭১২৯-২৯.১২.১৫, ১২৮০৫-০৫.০৮.১০, ১৪৯৫২-২০.০৯.১০, ৯৮৫৪-২১.০৯.০৮, ১১৩৭৪-০৩.০৯.১৫, ১৩৫৪৪-২৪.১১.০৯, ১৪৩৫৬-২১.০৭.১১, ১৫৩৭২-০৩.০৮.১১, ১৯৭৮১-৩১.১২.১৩, ৪৩৫৯-৩১.০৩.১৬, ৫৬৫৫-০২.০৬.০৮, ৮৩৪৫-২৭.০৭.০৯, ১০৫২৮-২৮.০৬.১০, ২৮২১-০১.০৩.১৬, ১৫৪০৯-৩০.১১.১৫, ১৪৫১৬-২১.১২.০৯, ১২২৯৩-০৩.১১.০৯, ৪৩০৩-১৫.০৩.১০, ৬০৪৮-১০.০৫.১৫, ৬০৪৯-১০.০৫.১৫, ৪৩০৩-১৫.০৩.১০, ১৭১১৮-২৯.১২.১৫, ৮০০০-২৮.০৬.১৬, ১২২৯৩-০৩.১১.০৯, ৬০৪৬-১০.০৫.১৫।

**তফসিল-২**

**জেলা-নারায়ণগঞ্জ, উপজেলা-সোনারগাঁ, মৌজা-ভাটিবন্দ, জে.এল নং-১১৮।**

**আর.এস. জরিপের খতিয়ান নং**-০২, ০৩, ০৫, ০৭, ০৮, ১২, ১৫, ১৬, ১৭, ২৩, ২৭, ৩৩, ৩৪, ৪১, ৪২, ৪৩, ৪৫, ৫০, ৫২, ৫৩, ৫৬, ৫৮, ৬১, ৬৩, ৬৮, ৬৯, ৭২, ৭৩, ৭৫, ৭৮, ৭৯, ৮৩, ৮৭, ৮৮, ১০০, ১০৪, ১০৫, ১১৩, ১১৭, ১২২।

**সংশোধিত খতিয়ান নম্বর**-২৯৯, ৩০৬, ৩০৭, ৩১২, ৩৪৬, ৩৪৭, ৩৫৫, ৩৭৬, ৩৮৮, ৪৫৪, ৪৫৫, ৪৫৬, ৪৫৭, ৪৫৮, ৪৫৯, ৪৬০, ৪৬১, ৫১৭, ৫১৮, ৫২৫, ৫৮০, ৫৮১, ৫৮২, ৫৮৩।

**আর.এস. দাগ নং**-৬১, ৬২, ৬৩, ১১৫, ১১৮, ১২১, ১২৩, ১২৪, ১২৫, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪১, ১৪২, ১৪৯, ১৫০, ১৫১, ১৫২, ১৫৩, ১৫৪, ১৯৭, ১৯৮, ২৩৫, ২৩৬, ২৩৭, ২৩৯, ২৪০, ২৪৪, ২৪৮, ২৪৯, ২৫১, ২৫৩, ২৫৪, ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০, ২৬১, ২৬২, ২৬৩, ২৬৪, ২৬৫, ২৬৬, ২৬৭, ২৬৮, ২৬৯, ২৭০, ২৭১, ২৭২, ২৭৩, ২৭৪, ২৭৫, ২৭৬, ২৭৭, ২৭৮, ২৮০, ২৮১, ২৮২, ২৮৩, ২৮৪, ২৮৫, ২৮৬, ২৮৭, ২৮৮, ২৮৯, ২৯০, ২৯১, ২৯২।

**মোট দাগ ৭৭ টি এবং জমির পরিমাণ-১৮.৮৫৮৫ একর।**

**চৌহদ্দি ঃ**

**পূর্ব ঃ** চরলাউয়াদী মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।
**পশ্চিম ঃ** চরভবনাথপুর মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।
**উত্তর ঃ** ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।
**দক্ষিণ ঃ** চরভবনাথপুর মৌজা, ইউনিক গ্রুপ এর ক্রয়কৃত জমি।

দলিল নং ও তারিখ ঃ ৫০৮৬-২০.০৫.০৮, ৫২২২-২২.০৫.০৮, ৫৩৬০-২৬.০৫.০৮, ১১৪০৫-০৯.১১.০৮, ২৬৯৪-১৫.০৩.০৯, ৫৬৫৬-০২.০৬.০৮, ৫৮০১-০৫.০৬.০৮, ৫৯৬০-০৯.০৬.০৮, ৬০০৮-১০.০৬.০৮, ৬১০৮-১২.০৬.০৮, ৭৪২-২৫.০১.০৯, ৭৪৩-২৫.০১.০৯, ৭৭৮৯-২৭.০৭.০৮, ৮১৮৬-০৫.০৮.০৮, ৮২৭৪-০৭.০৮.০৮, ৮২৬৭-০৭.০৮.০৮, ৯৮৫০-২১.০৯.০৮, ১২০৮৫-২৪.১১.০৮, ৫৮২-১৯.০১.০৯, ৮৪৪-২৭.০১.০৯, ২৫৪০-১১.০৩.০৯, ৪১১৩-১৬.০৪.০৯, ৫৫৯৩-২৫.০৫.০৯, ৫৬১৭-২৫.০৫.০৯, ৬২৮৮-০৯.০৬.০৯, ৬৫৯৪-১৬.০৬.০৯, ৬৫৯৫-১৬.০৬.০৯, ৭৬৪৯-১৩.০৭.০৯, ৯৯৫৭-০৬.০৯.০৯, ১০৫১৬-১৫.০৯.১৯, ১২২৯৪-০৩.১১.০৯, ১৪৫১৫-২১.১২.০৯, ১০৪৬-১৯.০১.১০, ৩২১৪-২৫.০২.১০, ৪৪২২-১৬.০৩.১০, ৫৩৫৩-০১.০৪.১০, ৫৩৫৫-০১.০৪.১০, ৫৩৫৬-০১.০৪.১০, ৬৫৫১-২০.০৪.১০, ৬৬০০-২৫.০৪.১০, ৯৬৮৬-১৩.০৬.১০, ১১১৩০-০৮.০৭.১০, ১৩৫৫৮-১৭.০৮.১০, ৯১০১-০৩.০৬.১০, ১৬৪৪১-১৩.১০.১০, ১৬৪৪৩-১৩-১০.১০, ১৭২৮২-২৭.১০.১০, ১৯৩৫৮-০২.১২.১০, ২০৮২১-২৩.১২.১০, ২১২০৮-২৮.১২.১০, ১২৫৩-২০.০১.১১, ৩২৮৮-১৫.০২.১১, ৫৪৩৩-২৫.০৩.১২, ৭৮২১-২৬.০৪.১২, ১০২১৬-৩১.০৫.১২, ৫০২২-১৯.০৪.১৫, ৬০৪৫-১০.০৫.১৫, ৫৫৫১-২৭.০৩.১২, ১৯৭৭৬-৩১.১২.১৩, ১৩৯৫-২৬.০১.১০, ৬৫৫১-২০.০৪.১০, ২২৩১৭-২১.১১.১১, ১৫০০-২৩.০১.১৩, ৪৩০৯-০২.০৪.১৫, ৫৪১৯-২১.০৩.১২, ৫৫৪২-২৭.০৩.১২, ৫৫৫১-২৭.০৩.১২, ১৩৮৮-২২.০১.১৩, ২৮১৪-১৮.০২.১০, ১৪৪৮২-০৬.০৮.১২, ৫৮০২-০৩.০৫.১৬, ১৭১২৯-২৯.১২.১৫, ৫৬৭৯-২৭.০৪.১৬, ২০৬৪-১১.০২.১৬, ১৭১১৯-২৯.১২.১৫, ১৫৪১১-৩০.১১.১৫, ১০৫২৯-২৮.০৬.১০, ২৮১০-০১.০৩.১৬, ১৪৮৬৩-১৮.১১.১৫, ৩২৮৮-১৫.০২.১১, ১৪৮৫-০১.০২.১৬, ৭৮২১-২৬.০৪.১২, ৯৫৩-২০.০১.১৬, ১৫৪১২-৩০.১১.১৫, ১৪৩৫৬-২১.০৭.১১, ১৩৯২৬-১৪.০৭.১১, ৭৩২৯-১২.০৬.১৬, ৭৩৯০-১৩.০৬.১৬, ৭১১৭-০৬.০৬.১৬।

**দুই মৌজায় মোট দাগ (১৫৭+৭৭) ২৩৪ টি এবং জমির পরিমাণ-৬২.৯৮৩৩ একর।**

**মোহাম্মদ আইয়ুব**
সচিব
বেজা নির্বাহী বোর্ড।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**উন্নয়ন অধিশাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/২০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০২০.৩২.০০৩.১১-৫৮০**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাভুক্ত তেজগাঁও শিল্প এলাকার প্রধান সড়কগুলোসহ সমগ্র তেজগাঁও শিল্প এলাকাকে সরকার নিম্নলিখিত শর্তসাপেক্ষে শিল্প-কাম-বাণিজ্যিক ও আবাসিক এলাকা হিসেবে রূপান্তরের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

১. প্লট রূপান্তরের ক্ষেত্রে তেজগাঁও এলাকার জন্য প্রণীত মাস্টারপ্ল্যান, মাস্টারপ্ল্যান পর্যালোচনা কমিটির সুপারিশ (Detailed Area Plan (DAP), ভূমি ব্যবহার সংক্রান্ত প্রচলিত আইন, বিধি-বিধান এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে;

২. নীতিমালা অনুযায়ী conversion fee আদায়/পরিশোধ করতে হবে;

৩. তেজগাঁও শিল্প এলাকা সংক্রান্তে মহামান্য হাইকোর্ট বিভাগের স্যুয়োমোটো রুল নম্বর ৪০/২০১২ এবং মহামান্য আপিল বিভাগের সিপিএলএ নম্বর ১৪২২/২০১২ এর যে কোন আদেশ বাধ্যকর হবে।

জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সায়লা ফারজানা**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২২ মে ২০১৬ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-৩৫/৭৫(অংশ)-২১৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব জালাল আহমদ, পিতা-মোকছুদুর রহমান,

মাতা-রজ্জবের নেছা, গ্রাম-গোহারুয়া, ডাকঘর-ঘোড়ামযদান, উপজেলা-নাঙ্গলকোট, জেলা-কুমিল্লা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলার ৭নং জোড্ডা ইউনিয়নের গোহারুয়া, ঘোড়ামযদান, নিশ্চিন্তপুর, দামুরপাড়, মান্দ্রা, বাহুড়া, করপাতি, নোয়াপাড়া, রাজা পাড়া ও ঠোল্লাপাড়া মৌজাসমূহের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**
**নদী সেল শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১১ মে ২০১৬

**নং ১৮.২৯.০০০০.০২৮.১৮.০০২.২০১৫-২৭৪**—জাতীয় নদী রক্ষা কমিশনের আইন, ২০১৩ এর ৫(১) এ অর্পিত ক্ষমতাবলে উক্ত আইনের উদ্দেশ্যাবলি অর্জনের নিমিত্ত সরকার নিম্নবর্ণিতভাবে জাতীয় নদী রক্ষা কমিশন গঠন করিলেন:

১। মোঃ আতাহারুল ইসলাম
চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন।

২। মোঃ আলাউদ্দিন
সার্বক্ষণিক সদস্য, জাতীয় নদী রক্ষা কমিশন।

৩। শারমিন সোনিয়া মুশরিদ
সদস্য (অবৈতনিক), জাতীয় নদী রক্ষা কমিশন।

৪। ডঃ মমিনুল হক সরকার
সদস্য (অবৈতনিক), জাতীয় নদী রক্ষা কমিশন।

৫। মোঃ শামসুল হক মোল্লা
সদস্য (অবৈতনিক), জাতীয় নদী রক্ষা কমিশন।

২। জাতীয় নদী রক্ষা কমিশনের সম্মানিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দ কমিশন আইনের ধারায় অর্পিত দায়িত্ব পালন করিবেন। এই আদেশ ০৫-০৮-২০১৪ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

**নং ১৮.২৯.০০০০.০২৮.১৮.০০২.২০১৫-২৭৫**

**১। বিভাগীয় নদী রক্ষা কমিটির গঠন:**

**আহ্বায়ক**

১. কমিশনার (সংশ্লিষ্ট বিভাগ)

**সদস্যবৃন্দ**

২. ডিআইজি পুলিশ (রেঞ্জ)
৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (এক বা একাধিক)
৫. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ
৬. পরিচালক, পরিবেশ অধিদপ্তর
৭. প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড
৮. উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর
৯. বিভাগীয় বন কর্মকর্তা
১০. সদস্য (হার্বার অ্যান্ড মেরিন), মংলা বন্দর/চট্টগ্রাম বন্দর/পায়রা বন্দর (প্রযোজ্য ক্ষেত্রে)
১১. জেলা প্রশাসক (সকল)
১২. যুগ্ম/উপ-পরিচালক, বিআইডব্লিউটিএ (প্রযোজ্য ক্ষেত্রে)
১৩. স্থানীয় প্রেসক্লাবের সভাপতি

**কমিটির কার্যপরিধি:**

ক. নদীর অবৈধ দখল, অবৈধ কাঠামো নির্মাণ ও নানাবিধ অনিয়ম রোধ ও প্রতিকার করা;
খ. পানি ও পরিবেশ দূষণ, শিল্প কারখানা কর্তৃক সৃষ্ট নদী দূষণ রোধ ও প্রতিকার করা;
গ. নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার, বিলুপ্ত বা নদী পুনরুজ্জীবিত করা, নদীর যথাযথ রক্ষণাবেক্ষণ এবং নৌ-পরিবহনযোগ্য হিসেবে গড়ে তোলা;
ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে নদীর বহুমাত্রিক ব্যবহার নিশ্চিত করা;
ঙ. নদীর অবৈধ দখল, দখল প্রতিরোধ এবং প্রতিরোধ বিষয়ে জাতীয় নদী রক্ষা কমিশনসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে তথ্য সরবরাহ করা;
চ. নদীর দূষণ, দখল ইত্যাদি বিষয়ে মনিটরিং করে জাতীয় নদী রক্ষা কমিশনকে অবহিত করা;
ছ. বিভাগাধীন নদীসমূহ রক্ষা ও সংরক্ষণ কার্যক্রমে জাতীয় নদী রক্ষা কমিশনসহ সকল দপ্তর সংস্থাকে সহযোগিতা প্রদান করা;
জ. জাতীয় নদী রক্ষা কমিশন কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;
ঝ. পানি উন্নয়ন বোর্ড এই কমিটিকে সার্বিক সাচিবিক সহযোগিতা নিশ্চিত করবে;
ঞ. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। জেলা নদী রক্ষা কমিটির গঠন :

**আহ্বায়ক**

১. জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

২. পুলিশ সুপার
৩. সচিব, জেলা পরিষদ
৪. মেয়র, জেলা সদরের পৌরসভা
৫. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৬. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
৭. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৮. সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড
৯. জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর
১০. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর
১১. জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

১২. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

১৩. জেলা সমবায় কর্মকর্তা

১৪. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

১৫. পরিবেশ অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তা

১৬. বিআইডব্লিউটিএ এর জেলা পর্যায়ের কর্মকর্তা

১৭. উপ-পরিচালক, বিআরডিবি

১৮. উপজেলা চেয়ারম্যান (সকল)

১৯. উপজেলা নির্বাহী অফিসার ও আহ্বায়ক, উপজেলা নদী রক্ষা কমিটি (সকল)

২০. জেলার গণ্যমান্য ব্যক্তি ২ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

২১. নদী নিয়ে কাজ করে এমন এনজিওর প্রতিনিধি-এক বা একাধিক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

২২. গণমাধ্যমের প্রতিনিধি এক বা একাধিক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

২৩. অতি: জেলা প্রশাসক (রাজস্ব)

**কমিটির কার্যপরিধি :**

ক. নদীর অবৈধ দখল, অবৈধ কাঠামো নির্মাণ ও নানাবিধ অনিয়ম রোধ ও প্রতিকার করা;

খ. পানি ও পরিবেশ দূষণ, শিল্প কারখানা কর্তৃক সৃষ্ট নদী দূষণ রোধ ও প্রতিকার করা;

গ. নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার, বিলুপ্ত বা নদী পুনরুজ্জীবিত করা, নদীর যথাযথ রক্ষণাবেক্ষণ এবং নৌ-পরিবহনযোগ্য হিসেবে গড়ে তোলা;

ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে নদীর বহুমাত্রিক ব্যবহার নিশ্চিত করা;

ঙ. নদীর অবৈধ দখল, দখল প্রতিরোধ এবং প্রতিরোধ বিষয়ে নদী কমিশনসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে তথ্য সরবরাহ করা;

চ. নদীর দূষণ, দখল ইত্যাদি বিষয়ে মনিটরিং করে জাতীয় নদী রক্ষা কমিশনকে অবহিত করা;

ছ. জেলাধীন সংশ্লিষ্ট নদীসমূহ রক্ষা ও সংরক্ষণ কার্যক্রমে জাতীয় নদী রক্ষা কমিশনসহ সকল দপ্তর সংস্থাকে সহযোগিতা প্রদান করা;

জ. জাতীয় নদী রক্ষা কমিশন কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

ঝ. বিভাগীয় নদী রক্ষা কমিটির সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন করা;

ঞ. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। **উপজেলা নদী রক্ষা কমিটির গঠন:**

**আহ্বায়ক**

১. উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

২. পৌরসভার মেয়র (এক/একাধিক)

৩. থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

৪. সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড

৫. উপজেলা কৃষি কর্মকর্তা

৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা

৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

৮. উপজেলা মৎস্য কর্মকর্তা

৯. উপজেলা প্রকৌশলী

১০. উপজেলা সমাজসেবা কর্মকর্তা

১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

১২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১৩. উপজেলা সমবায় অফিসার

১৪. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

১৫. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

১৬. উপজেলা স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ২ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)

১৭. গণমাধ্যম প্রতিনিধি-১ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)

১৮. নদী বিষয়ে কাজ করে এমন এনজিওর প্রতিনিধি (এক/একাধিক) (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

১৯. সহকারী কমিশনার (ভূমি)

**কমিটির কার্যপরিধি :**

ক. নদীর অবৈধ দখল, অবৈধ কাঠামো নির্মাণ ও নানাবিধ অনিয়ম রোধ ও প্রতিকার করা;

খ. পানি ও পরিবেশ দূষণ, শিল্প কারখানা কর্তৃক সৃষ্ট নদী দূষণ রোধ ও প্রতিকার করা;

গ. নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার, বিলুপ্ত বা নদী পুনরুজ্জীবিত করা, নদীর যথাযথ রক্ষণাবেক্ষণ এবং নৌ-পরিবহনযোগ্য হিসেবে গড়ে তোলা;

ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে নদীর বহুমাত্রিক ব্যবহার নিশ্চিত করা;

ঙ. নদীর অবৈধ দখল, দখল প্রতিরোধ এবং প্রতিরোধ বিষয়ে জাতীয় নদী রক্ষা কমিশনসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে তথ্য সরবরাহ করা;

চ. নদীর দূষণ, দখল ইত্যাদি বিষয়ে মনিটরিং করে জাতীয় নদী রক্ষা কমিশনকে অবহিত করা;

ছ. উপজেলাধীন সংশ্লিষ্ট নদীসমূহ রক্ষা ও সংরক্ষণ কার্যক্রমে জাতীয় নদী রক্ষা কমিশনসহ সকল দপ্তর, সংস্থাকে সহযোগিতা প্রদান করা;

জ. জাতীয় নদী রক্ষা কমিশন কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

ঝ. বিভাগীয় ও জেলা নদী রক্ষা কমিটির সুপারিশ ও পরামর্শ বাস্তবায়ন করা;

ঞ. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অশোক মাধব রায়**
ভারপ্রাপ্ত সচিব।